দৈনিক ইনকিলাব 133

তারিখ 12 APR 1987
পৃষ্ঠা ৮ কলাম ১

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# উপজেলা পরিক্রমা

## দোয়ারা বাজার

সুনামগঞ্জ, ১১ এপ্রিল (সংবাদদাতা)।— সুনামগঞ্জ জেলা শহরের ২০ কিলোমিটার দূরে দোয়ারা বাজার অবহেলিত উপজেলা। নদী-পথে সুনামগঞ্জ ও ছাতকের মধ্যখানে সুরমা নদীর তীরে অবস্থিত। তার আয়তন ৮০ বর্গমাইল। মোট লোকসংখ্যা ১ লাখ ৩৮ হাজার ৯শ' ৬২ জন। এরমধ্যে পুরুষ ৭২ হাজার ৫শ' ৫০ জন এবং মহিলা ৬৬ হাজার ৪২২ জন।

### কৃষি

এই অবহেলিত উপজেলা দোয়ারা বাজারের অধিকাংশ লোকই কৃষির উপর নির্ভরশীল। মোট জমির পরিমাণ ৪৮ হাজার ৯শ' ৭০ দশমিক ৬০ একর। এরমধ্যে আবাদী জমির পরিমাণ ৩৯ হাজার ৭শ' ৮২ একর। অনাবাদী জমি ৫ হাজার ৪শ' ৮৬ দশমিক ৬০ একর এবং আবাদী জমি ২ হাজার ৬শ' ৭০ একর। মোট গভীর—নলকূপ-এর সংখ্যা ২টি, অগভীর নলকূপ-এর সংখ্যা ৫৫২টি। বর্তমানে পাওয়ার পাম্প ৭২টি আছে। উৎপন্ন ফসলের মধ্যে বোরো, আমন ও ইরি ধান এবং বর্ডার এলাকায় কিছু কিছু পাট উৎপন্ন হয়। চিলাই নদীর উভয়পাড়ে ভাল গম হয়।

### যোগাযোগ

উপজেলাটি সুরমার তীরে অবস্থিত। নদী-পথই একমাত্র যোগাযোগের মাধ্যম। এই উপজেলার সাথে যানবাহনের কোন রাস্তা নেই। উপজেলায় মোট রাস্তার পরিমাণ ৫৩ মাইল। এরমধ্যে ১ মাইলেরও কম পাকা রাস্তা। বেশীরভাগই চলাচলের অনুপযোগী।

### হাট-বাজার

উপজেলায় মোট ২৪টি হাট-বাজার। এরমধ্যে আমবাড়ী, ভোগলা, দোয়ারা, দোয়ালীয়া, বাংলাবাজার ও নরসিংপুর উল্লেখযোগ্য। হাট-বাজারগুলোতে ছাউনি ও সুষ্ঠু ব্যবস্থার অভাবে ক্রেতা-বিক্রেতারা দারুণ দুর্ভোগ পোহায়। ২৪টি হাট-বাজার থেকে বছরে রাজস্ব আয়ের পরিমাণ ৫ লাখ ৭৭ হাজার ৪শ' ৫০ টাকা।

### স্বাস্থ্য

উপজেলার প্রতি ইউনিয়নে স্বাস্থ্য কেন্দ্র থাকার কথা থাকলেও উপজেলায় মোট লক্ষ্মীপুর ও দোয়ালীয়ায় ২টি স্বাস্থ্য কেন্দ্র আছে এবং বাজিতপুর ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র নামে একটি স্বাস্থ্য কেন্দ্র বর্তমান। স্বাস্থ্য কেন্দ্রে কোন ইনডোর নেই। যার জন্য রোগী ভর্তি করা সম্ভব হয় না। পর্যাপ্ত ওষুধের অভাব লেগেই আছে।

### শিক্ষা

উপজেলায় মোট শিক্ষার হার মাত্র ১৪%। শিক্ষা প্রতিষ্ঠানের অভাব আছে। উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ৬টি। কোন বালিকা বিদ্যালয় নেই। নিম্নমাধ্যমিক বিদ্যালয় ৩টি। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৫৭টি, বেসরকারী ১০টির মধ্যে ৮টি রেজিষ্ট্রিকৃত, প্রাথমিক বিদ্যালয়গুলোর অবস্থা করুণ।

বক্তারপুর, লিয়াকতগঞ্জ, বরকতনগর, বাজিউরা, প্রতাপপুর, হরিপদনগর, আজমপুর, ইদনপুর ইত্যাদি জায়গায় কোন স্কুল-ঘর নেই। ছাত্ররা খোলা আকাশের নীচে ক্লাস করে। মাদ্রাসা ১২টি ও মসজিদ ৪৮২টি।

### বিদ্যুৎ

জেলা শহর থেকে মাত্র ২০ কিলোমিটার দূরে দোয়ারা উপজেলায় এ যাবত কোন বিদ্যুতের ব্যবস্থা করা হয়নি। এর পরিপ্রেক্ষিতে সন্ধ্যার পর উপজেলা অন্ধকারে নিমজ্জিত থাকে।